দৈনিক সংবাদ

JUL 07 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বরিশালে কলেজ ছাত্র খুন

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক : বৃহস্পতিবার গভীর রাতে বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট স্টাফ কোয়ার্টারে গালিব (১৯) নামে এক ছাত্রকে হত্যা করা হয়েছে। শুক্রবার রাতে তার বাবা-মা মৃতদেহ দেখতে পায়। নিহত গালিব সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের একাদশ শ্রেণীর ছাত্র।

নিহত গালিবের পিতা সিদ্দিকুর রহমান কৃষি ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক এবং মা রওশন আরা বেগম পলিটেকনিক ইনস্টিটিউটের একজন ইন্সট্রাক্টর। পরিবারটি ইনস্টিটিউটের স্টাফ কোয়ার্টারে বসবাস করত। গালিবের এক চাচাকে দাফন করার জন্য গালিবের বাবা-মা বৃহস্পতিবার নলছিটির গ্রামের বাড়ি যায়। বাসায় পাহারাদার হিসেবে থেকে যায় গালিব। এদিন রাতে গালিবের খালু টেলিফোন করে খোঁজখবর নেন।

শুক্রবার রাতে গালিবের বাবা-মা বাসায় ফিরে দরজা তালাবদ্ধ দেখতে পান। পরে কৌশলে ঘরের ভেতর থেকেই তালার চাবি সংগ্রহ করে তালা খুলে তারা শয়নকক্ষে গালিবের লাশ দেখতে পান। পুলিশের ধারণা বৃহস্পতিবার রাতে কোন এক সময়ে তারই ঘনিষ্ঠরা হত্যাকাণ্ড ঘটিয়ে দরজায় তালা লাগিয়ে চলে যায় এবং এটি একটি পরিকল্পিত হত্যাকাণ্ড। হত্যাকারীরা কোনকিছু দিয়ে মাথায় আঘাত করে হত্যাকাণ্ডটি ঘটিয়েছে বলে পুলিশের ধারণা। নিহতের মাথায় দুটি বড় ধরনের আঘাত এবং গলার পেছনের অংশে একটি বড় ক্ষত রয়েছে। কক্ষটির বিভিন্ন স্থানে রক্ত পড়ে রয়েছে। তাই পুলিশের ধারণা নিহতের সাথে হত্যাকারীদের ধস্তাধস্তি হয়েছে। হত্যাকারীরা কক্ষ ত্যাগ করার আগে গামছা দিয়ে রক্ত মুছে নিয়েছে। শনিবার লাশের ময়নাতদন্ত হয়েছে। গালিবের পিতা সিদ্দিকুর রহমান বাদি হয়ে থানায় মামলা দায়ের করেছেন।